


যুগান্তর

বিশ্ববিদ্যালয়ে র্যাগিং বন্ধে কমিটি গঠনে লিগ্যাল নোটিশ

প্রকাশ : ১০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



ছবি: যুগান্তর

দেশের সব বিশ্ববিদ্যালয়ে র্যাগিং বন্ধ ও এর বিরুদ্ধে ব্যবস্থা নিতে লিগ্যাল নোটিশ পাঠিয়েছেন এক আইনজীবী। সুপ্রিমকোর্টের আইনজীবী অ্যাডভোকেট ইশরাত হাসান বুধবার স্বরাষ্ট্র সচিব, শিক্ষা সচিব ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যানকে ডাকযোগে এ নোটিশ পাঠান।

নোটিশে প্রতিটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের সার্বক্ষণিক সহায়তার জন্য অ্যান্টি-র্যাগিং কমিটি গঠন এবং মনিটরিংয়ের জন্য অ্যান্টি-র্যাগিং স্কোয়াড গঠনে সাতদিনের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে। অন্যথায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নোটিশে উল্লেখ করা হয়।

আইনজীবী ইশরাত হাসান বলেন, অনেক স্বপ্ন আর আশা নিয়ে বিশ্ববিদ্যালয়ে পড়তে আসা তরুণদের স্বপ্ন সিনিয়রদের র্যাগিংয়ের কারণে শেষ হয়ে যায়।

র্যাগিংয়ের নামে সিনিয়ররা নতুনদের কান ধরে ওঠবস করানো, রড দিয়ে পেটানো, পানিতে ছুবানো, উঁচু ভবন থেকে লাফ দেয়া, সিগারেটের আগুনে ছাঁকা দেয়া, গাছে ওঠানো, ভবনের কার্নিশ দিয়ে হাঁটানো, এমনকি দিগম্বর পর্যন্ত করে থাকে।

এছাড়া গালাগাল, কুৎসা রটানো, নজরদারি করা এবং নিয়মিত খবরদারির মতো নানা মানসিক নির্যাতন করা হয়। র্যাগিংয়ের সর্বশেষ শিকার বুয়েটের মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদ।

এই আইনজীবী আরও বলেন, র্যাগিং নামের অপসংস্কৃতি বন্ধ করা এখন সময়ের দাবি। দেশের একজন সচেতন নাগরিক ও আইনজীবী হিসেবে এ কারণে লিগ্যাল নোটিশ পাঠিয়েছি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।